

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট  
সিজিএস ইউনিট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

এসএমইএসপিডি সার্কুলার নং- ০৫

তারিখঃ বৈশাখ ২৬, ১৪২৮  
মে ০৯, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**কুটির, মাইক্রো ও ক্ষুদ্র (CMS) উদ্যোগ খাতে ক্রেডিট গ্যারান্টি স্কিমের নীতিমালা প্রসঙ্গে।**

জুলাই ২৭, ২০২০ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০৩ এর মাধ্যমে জারিকৃত নীতিমালা এবং নভেম্বর ০৩, ২০২০ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০৪ এর মাধ্যমে জারিকৃত Manual of Credit Guarantee Scheme [For Cottage, Micro and Small Enterprises (CMSE)] এবং তৎপরবর্তীতে এতদ্বিষয়ে জারিকৃত সার্কুলারসমূহের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২. Manual of Credit Guarantee Scheme এর অনুচ্ছেদ নং-5.3.1 এ কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগ (CMSE) খাতের নারী উদ্যোক্তাগণ সিজিএস সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন মর্মে নির্দেশনা রয়েছে। উক্ত অনুচ্ছেদের নির্দেশনার আওতায় কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগ (CMSE) খাতের নারী উদ্যোক্তাদের জামানতবিহীন ঋণ/বিনিয়োগ প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে এখন থেকে PFI-সমূহকে তাদের পোর্টফোলিও গ্যারান্টি লিমিট (PGL) এর ন্যূনতম ৫% (পাঁচ শতাংশ) সংরক্ষিত রাখতে হবে।

০৩. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(এসএম মোহসীন হোসেন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২২১